কৃষিই সমৃদ্ধি

**বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন**
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
জনসংযোগ বিভাগ
www.badc.gov.bd


স্মারক নং-১২.২০৭.০১৭.০০.০০.০৭৪.২০১৪.১৪৫ তারিখ: ০২ ভাদ্র ১৪২৭ / ১৭ আগস্ট ২০২০

## সংবাদ বিজ্ঞপ্তি

### বিএডিসিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও মোনাজাত অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) ১৭ আগস্ট ২০২০ তারিখ সোমবার বিএডিসি'র কৃষি ভবনস্থ সেমিনার কক্ষ, দিলকুশা, ঢাকায় স্বাধীনতার মহান স্থপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে স্বাস্থ্যবিধি মেনে "আলোচনা সভা" এর আয়োজন করে। আলোচনা সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কৃষিবিদ ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি প্রধান অতিথি হিসেবে অনলাইনে জুম ক্লাউডের মাধ্যমে বক্তব্য রাখেন। বিশেষ অতিথি হিসেবে অনলাইনে জুম ক্লাউডের মাধ্যমে আরও বক্তব্য রাখেন কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ নাসিরুজ্জামান। সভায় সভাপতিত্ব করেন বিএডিসি'র চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) জনাব মোঃ সায়েদুল ইসলাম।

শোক দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখেন বিএডিসি'র সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) ড. এ কে এম মুনিরুল হক, সদস্য পরিচালক (ক্ষুদ্র সেচ) জনাব মোঃ আরিফ, সদস্য পরিচালক (অর্থ) জনাব মোঃ আমিরুল ইসলাম, সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব মোঃ নূরনবী সরদার, সংস্থার সচিব জনাব মোঃ আনোয়ার ইমাম, সিবিএ নেতৃবৃন্দসহ বিএডিসি'র বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ। স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠানে বিএডিসি'র সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শাহাদাতবরণকারী সদস্যদের স্মরণে সকলে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করেন।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, বঙ্গবন্ধুর নাম ইতিহাস থেকে মুছে ফেলার ষড়যন্ত্র হয়েছে। শেখ মুজিবকে বাদ দিয়ে বাংলাদেশের অস্তিত্ব কল্পনা করা যায় না। যত দিন পদ্মা, মেঘনা, যমুনা থাকবে তত দিন বঙ্গবন্ধু আমাদের মাঝে অমর হয়ে থাকবেন। তাঁর আদর্শ আমাদের জন্য আলোকবর্তিকা হয়ে থাকবে। ১৫ আগস্ট স্বাধীনতাবিরোধী শক্তি এবং আন্তর্জাতিক চক্র বাংলাদেশকে ধ্বংস করার জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করে। ষড়যন্ত্রকারীরা ইতিহাস বিকৃত করে বঙ্গবন্ধুর আদর্শকে হত্যা করতে চেয়েছিল। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ একটি মহাকাব্য। এ কাব্যের মহানায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বঙ্গবন্ধু তরুন বয়স থেকে মানুষের কল্যাণে নিজেকে নিয়োজিত করেছিলেন। তিনি তৃণমূলের মানুষকে খুব কাছ থেকে দেখেছেন। তিনি গরীব দুঃখী ও খেটে খাওয়া মানুষের মুখে হাসি ফোটানোর জন্য আজীবন সংগ্রাম করেছেন।

মাননীয় কৃষিমন্ত্রী আরও বলেন, বিএডিসি দেশ গড়ায় অসামান্য অবদান রাখছে। কৃষি উপকরণ তথা মানসম্পন্ন উন্নত জাতের বীজ, সুষম সার ও সেচ প্রদানের মাধ্যমে বিএডিসি কৃষি উৎপাদন বৃদ্ধিতে কাজ করছে। কৃষিকে আধুনিকরন, যান্ত্রিকীকরণ ও বাণিজ্যিক কৃষিতে রূপান্তর করতে হবে। বিএডিসি'র কর্মকর্তাদের উদ্দেশ্যে মন্ত্রী

বলেন, আপনারা আন্তরিকতা ও নিষ্ঠার সাথে আপনাদের ওপর অর্পিত দায়িত্ব পালন করবেন। এটাই হোক শোক দিবসের অঙ্গীকার।

বিশেষ অতিথির বক্তব্যে কৃষি সচিব জনাব মোঃ নাসিরুজ্জামান বলেন, বঙ্গবন্ধুর ৬ দফা দাবীর ভিত্তিতে বাংলাদেশের স্বাধীনতার বীজ বপন করা হয়েছিল। ১৫ আগস্ট শোকের দিনে যারা আনন্দ উৎসব করে তারা বঙ্গবন্ধুর খুনের সাথে কোনো না কোনো ভাবে জড়িত। তিনি বঙ্গবন্ধুর পলাতক খুনীদের দেশে এনে সাজা কার্যকর করার এবং খুনের পিছনের লোকদেরকে খুজে বের করার দাবি জানান। বঙ্গবন্ধু বিএডিসি'র মাধ্যমে ভাল বীজ উৎপাদনের জন্য নির্দেশনা প্রদান করেন। আমাদের কাছে সেদিনই প্রকৃত স্বাধীনতা হবে যেদিন দেশের গরিব ও মেহনতি মানুষের মুখে হাসি ফুটবে। করোনা পরিস্থিতিতেও কৃষিমন্ত্রণালয়ে কোন বাজেট ও প্রকল্প বাদ দেওয়া হয়নি।

সভাপতির বক্তব্যে বিএডিসি'র চেয়ারম্যান জনাব মোঃ সায়েদুল ইসলাম বলেন, বঙ্গবন্ধু আজীবন শোষণমুক্ত সমাজ প্রতিষ্ঠার জন্য কাজ করেছেন। বঙ্গবন্ধুর চিন্তাচেতনার মূল বিষয় ছিল কৃষি। তিনি বুঝেছিলেন এদেশের উন্নতি করতে হলে কৃষির উন্নতি করতে হবে। বঙ্গবন্ধু সবসময় একটি সুখী, সমৃদ্ধ সোনার বাংলার স্বপ্ন দেখতেন। এই স্বপ্নকে বাস্তবায়নের জন্য বঙ্গবন্ধু কৃষি খাতকে সর্বাধিক গুরুত্ব দিয়েছিলেন। কৃষিক্ষেত্রে উন্নয়নের লক্ষ্যে তিনি বিএডিসিকে সেবামূলক প্রতিষ্ঠানে রূপ দিয়েছিলেন। বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের নিরলস পরিশ্রম ও সরকারের আন্তরিক প্রচেষ্টায় দেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে। বৈশ্বিক করোনা পরিস্থিতিতেও আমাদের খাদ্য উৎপাদনের ধারা শুধু অব্যাহত নয় বরং বেগবান হয়েছে। বিএডিসি পরিবার করোনা পরিস্থিতি মোকাবেলা করে কৃষক ও কৃষির উন্নয়নের জন্য কাজ করেছেন।

স্বাক্ষরিত
(মোঃ জুলফিকার আলী)
জনসংযোগ কর্মকর্তা
বিএডিসি, ঢাকা
ফোন: ৯৫৫২২৫৬
ই-মেইল: pro@badc.gov.bd

